

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ল্যাবরেটরি অব এনিম্যাল রিসার্চ এর উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ল্যাবরেটরি অব এনিম্যাল রিসার্চ এর উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার (৪ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের নীল দিঘি সংলগ্ন এনিম্যাল হাউজে এর উদ্বোধন করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমরা খুবই আনন্দিত যে অনেক চড়াই উত্‌রাই পেরিয়ে আজকে আমরা নোবিপ্রবি এনিম্যাল হাউজ উদ্বোধন করতে পেরেছি। ধন্যবাদ জানাই যারা কাজগুলো সুন্দরভাবে সমাপ্ত করার জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন। এটাকে ব্যবহার উপযোগী করার প্রক্রিয়া ইতোমধ্যেই শুরু হয়েছে। আমি বিশ্বাস করি যে বায়োলজিক্যাল ফ্যাকাল্টি এবং এনভায়রনমেন্টাল সায়েন্স এর গবেষকগণ নির্বিল্পে গবেষণার কাজে এই ল্যাবরেটরি ব্যবহার করতে পারবে। ফলে কোনো একটা রিসার্চ এর জন্য যে বিষয়গুলো গুরুত্বপূর্ণ বিশেষ করে এনিম্যাল টেস্টিং এখন অনেক সহজেই করতে পারবে। বায়োলজিক্যাল সায়েন্সে এ বিষয়গুলো খুবই গুরুত্বপূর্ণ এবং একটা রিসার্চ বা পাবলিকেশনকে ইমপ্যাক্টফুল করার জন্য এমন ল্যাবের কোন বিকল্প নেই। আমরা জানি যে গবেষণার ক্ষেত্রে কোনো ড্রাগ বা মেডিসিন সরাসরি মানব শরীরে প্রবেশ করানো উচিত নয়, তার পূর্বেই র্যাট, মাইস বা এনিম্যাল এর উপর এপ্লাই করা হয়। যেহেতু নোবিপ্রবিতে বায়োলজিক্যাল সায়েন্স এর অনেকগুলো বিভাগ রয়েছে, আশাকরি সবগুলো বিভাগ এই ল্যাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবে। আমরা এই ল্যাবকে যত বেশী রিসোর্সফুল করতে পারবো ততই আমাদের বিশ্ববিদ্যালয় গবেষণা ক্ষেত্রে এগিয়ে যাবে।

এনিমেল হাউজের পরিচালক ড. মোঃ সহিদ সারওয়ারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। এসময় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞা, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিন, প্রধান চিকিৎসা কর্মকর্তা (প্রশাসনিক) ড. মোহাম্মদ মফিজুল ইসলাম সহ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী এবং পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের শিক্ষকবৃন্দ এবং পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪